ইত্তেফাক

তারিখ 04 JUL 2005
পৃষ্ঠা ১৬ কলাম ৬

কারিগরি শিক্ষায় নিয়োজিত ১৩৫ শিক্ষক বেতন পাচ্ছেন না ২৪ মাস

॥ চট্টগ্রাম অফিস ॥

কারিগরি শিক্ষায় নিয়োজিত শিক্ষকরা তাদের ২৪ মাসের বকেয়া বেতনভাতা প্রদানের জন্য প্রধানমন্ত্রীর নিকট আবেদন জানিয়েছেন। নয়টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অত্যাধুনিক ট্রেড চালু করার মাধ্যমে কেন্দ্রসমূহ শক্তিশালীকরণ প্রকল্প চট্টগ্রাম শাখা এক বিজ্ঞপ্তিতে এ আবেদন জানায়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, বর্তমান সরকারের অগ্রাধিকারভিত্তিক প্রকল্পসমূহের মধ্যে কারিগরিশিক্ষার প্রসার অন্যতম হলেও গত ২৪ মাস যাবৎ কোন প্রকার বেতন ভাতাদি পাচ্ছেনা কারিগরি শিক্ষায় নিয়োজিত শিক্ষকরা। কারিগরি শিক্ষা প্রকল্পে ১৩৫ জন শিক্ষকের চাকরি নিয়মিত করারও আবেদন জানানো হয়।